


বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

প্রেস রিলিজ

Constitutional Court of the Republic of Turkey এর President Prof. Dr. Zühtü ARSLAN এর আমন্ত্রণে তুরস্কের আঙ্কারায় আগামী ২৫-২৮/০৪/২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিতব্য Ceremony for the 60th Anniversary of the Constitutional Court of the Republic of Turkey-তে অংশগ্রহণের লক্ষ্যে বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী মহোদয় ২৩/০৪/২০২২ খ্রি. তারিখে তুরস্ক গমন করেছেন এবং আগামী ২৯/০৪/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত তুরস্কে অবস্থান করবেন।

০২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি সংবিধানের ৯৭ অনুচ্ছেদ অনুযায়ী মাননীয় প্রধান বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী মহোদয়ের অনুপস্থিতকালীন সময়ে অর্থাৎ ২৩ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ হতে ২৯ এপ্রিল, ২০২২ খ্রি. তারিখ পর্যন্ত অথবা মাননীয় প্রধান বিচারপতি জনাব হাসান ফয়েজ সিদ্দিকী মহোদয় পুনরায় স্থায়ী কার্যভার গ্রহণ না করা পর্যন্ত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগের মাননীয় বিচারপতি জনাব মোঃ নূরুজ্জামান মহোদয়-কে মাননীয় প্রধান বিচারপতির কার্যভার পালনের দায়িত্ব প্রদান করেছেন। তৎমর্মে আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ১৯/০৪/২০২২ খ্রি. তারিখ ১০.০০.০০০০.১২৮.২৫.০০১.২০-১৭০ নং স্মারকে প্রজ্ঞাপন জারী করেছে।


28.08.2022
(মোঃ বদরুল আলম ভূঞা)
রেজিস্ট্রার
বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।